গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা
সংস্থাপন শাখা
www.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২০০.০২৩.১১.০০৫.২২.৪৩৯

তারিখ : ১৪ অগ্রহায়ণ, ১৪২৯
২৯ নভেম্বর, ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখার ০৭.০৮.২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৮১.১২.২৯০ নং স্মারকের ছাড়পত্রের নির্দেশনা মতে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ এর আলোকে জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা এর রাজস্ব প্রশাসনের অধীনস্থ অফিসসমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের জন্য গাইবান্ধা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০১ (এক) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজীতে সর্বনিম্ন- ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন-২০ শব্দ। |
| ০২ | ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০৩ (তিন) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজীতে সর্বনিম্ন- ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন-২০ শব্দ। |
| ০৩ | সার্টিফিকেট পেশকার | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০২ (দুই) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজীতে সর্বনিম্ন- ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন-২০ শব্দ। |
| ০৪ | সার্টিফিকেট সহকারী | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০২ (দুই) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজীতে সর্বনিম্ন- ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন-২০ শব্দ। |

## শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও গাইবান্ধা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফরমটি গাইবান্ধা জেলার ওয়েবসাইট (www.gaibandha.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা ও গাইবান্ধা জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৩। সকল পদের প্রার্থীদের ক্ষেত্রে কম্পিউটার টাইপের নির্ধারিত গতি থাকতে হবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।

০৬। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৭। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
(ক) আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে:মি: আকারের ছবি।
(খ) প্রার্থীকে **১/০৭৪২/০০০০/২০৩১** নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ২০০/- (দুইশত) টাকা জমা দিয়ে চালানের মূল কপি দাখিল করতে হবে।
(গ) প্রবেশপত্র ইস্যুর স্বার্থে দরখাস্তের সাথে নিজের নাম ও ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাক টিকিট লাগানো একটি ১০.৫" × ৪.৫" সাইজের ফেরৎ খাম।

০৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ পত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে :
(ক) সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্র।

চলমান পাতা - ২

(ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদপত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

(চ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঝ) সকল পদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্র।

০৯। প্রার্থীর বয়সসীমা <u>৩০/১১/২০২২ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।</u> তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। **উল্লেখ্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২/০৯/২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখে যাদের বয়স ৩০ বছর পূর্ণ হয়েছে তারাও আবেদন করতে পারবে।** বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১০। <u>দরখাস্ত জেলা প্রশাসক, গাইবান্ধা-কে সম্বোধন করে লিখতে হবে।</u>

১১। <u>আগামী ২৯/১২/২০২২</u> তারিখের মধ্যে আবেদনপত্র ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর অফিসে পৌঁছাতে হবে। সরাসরি আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।

১২। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সংবলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সমূহ বাতিল বলে গণ্য হবে।

১৩। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

১৪। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১৫। কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৬। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, কোটা (যদি থাকে) ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।

১৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশ সংশোধন, নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৯.১১.২২

(মো: অলিউর রহমান)
জেলা প্রশাসক
গাইবান্ধা
ফোন : ০২-৫৮৮৮৭৭৫০০ (অফিস)
ই-মেইল: dcgaibandha@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২০০.০২৩.১১.০০৫.২২. ৪৩৯(২২০)

তারিখ : ১৪ অগ্রহায়ণ, ১৪২৯ / ২৯ নভেম্বর, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে/বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ...................... (সকল)।
০৪। জেলা প্রশাসক, ......................... (সকল)।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা।
০৬। পুলিশ সুপার, গাইবান্ধা।
০৭। সিভিল সার্জন, গাইবান্ধা।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, ....................... (সকল), গাইবান্ধা।
০৯। মেয়র, ...................... পৌরসভা, গাইবান্ধা।
১০। সহকারী কমিশনার (ভূমি), ....................... (সকল), গাইবান্ধা।
১১। জেলা তথ্য অফিসার, গাইবান্ধা।
১২। সহকারী প্রোগ্রামার, এ কার্যালয় (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা নেবেন)।
১৩। সম্পাদক, দৈনিক সমকাল, ৩৮৭, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮/ সম্পাদক, দৈনিক মাধুকর, গাইবান্ধা।

২৯.১১.২২

জেলা প্রশাসক
গাইবান্ধা

